

মার্চ ৬, ২০০৭

সমস্ত তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংকগুলি / সর্ব ভারতীয় আর্থিক প্রতিষ্ঠানগুলি
(আঞ্চলিক গ্রামীণ ব্যাংকগুলি ব্যাতীত)

মাননীয় মহাশয়,

খণ্ডাতাদের জন্য বিধিসম্মত কাজের নিয়মাবলীর উপর নির্দেশিকা

আমাদের বিজ্ঞপ্তি নং DBOD. Leg. No. BC. 104 /09.07.007/2002-03 তারিখ মে ৫, ২০০৩-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে যেখানে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানদের প্রতি নির্দেশিকা জারী করা হয়েছিল খণ্ডাতাদের বিধিসম্মত কাজের নিয়মাবলী তৈরী করতে।

২। উপরোক্ত বিজ্ঞপ্তির অনুচ্ছেদ 2 (i) (a)-এর দিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে যেখানে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানদের পরামর্শ দেওয়া হয়েছিল Rs.2.00 লক্ষ পর্যন্ত অঞ্চলী ক্ষেত্রের খণ্ডের বিষয়ে খণ্ড আবেদনপত্র সম্পূর্ণ থাকতে হবে এবং তাতে, যদি থাকে, এমন সমস্ত শুল্ক ইত্যাদির বিষয়ে পরিষ্কারভাবে জানানো থাকবে যা আবেদনপত্র প্রক্রিয়াকরণের জন্য ধার্য হবে এবং আবেদনপত্র বাতিল হলে যা ফিরত দেওয়া হবে। আগে পরিশোধ করার বিকল্প এবং সেই সব কিছু যা খণ্ড গ্রহীতার সুদের উপরে প্রভাব বিস্তার করবে সেই সব কিছুও পরিষ্কারভাবে লিখিতে হবে যাতে গ্রহীতারা সব কিছু ভালোভাবে তুলনা করে একটি সঠিক সিদ্ধান্ত নিতে পারে।

৩। আরও বেশি স্বচ্ছতার জন্য এবং অভিজ্ঞতার আলোকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে উপরোক্ত নির্দেশগুলি এখন থেকে সমস্ত রকমের খণ্ডের আবেদনপত্রে লাগু হবে গ্রহীতা দ্বারা গৃহীত খণ্ডের রাশি নিরপেক্ষে। তাই ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানদের পরামর্শ দেওয়া হচ্ছে তারা যেন এই বিষয়ে একটি স্বচ্ছ নীতি নির্ধারণ করেন তাদের বোর্ডের অনুমোদন নিয়ে।

৪। উপরোক্ত মে ৫, ২০০৩-এর বিজ্ঞপ্তির অনুচ্ছেদ 2 (i) (d) অনুযায়ী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানদের পরামর্শ দেওয়া হয়েছিল যে ক্ষুদ্র খণ্ড গ্রহীতাদের ক্ষেত্রে যারা Rs. 2 লক্ষের কম রাশির খণ্ড গ্রহণ করে, তাদের ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান লিখিত ভাবে জানাবে কোন কারণে/কারণগুলির জন্য তাদের আবেদনপত্র বাতিল করা হয়েছে।

৫। পর্যালোচনার পর এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ক্লেডিট কার্ডের আবেদনপত্র সহ সব রকমের খণ্ডের ক্ষেত্রে নির্দেশ সীমা নির্বিশেষে, ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান লিখিত ভাবে গ্রাহককে জানাবে কোন কারণে/কারণগুলির জন্য তাদের আবেদনপত্র বাতিল করা হয়েছে।

৬। নিজেদের বোর্ডের অনুমোদন নিয়ে উপরোক্ত নির্দেশিকার উপর ভিত্তি করে বিধিসম্মত কাজের নিয়মাবলীর পরিবর্তন ঘটাতে হবে ও ৩০শে এপ্রিল ২০০৭-এর মধ্যে। পরিবর্তিত বিধিসম্মত কাজের নিয়মাবলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানদের ওয়াবসাইটে প্রকাশ করতে হবে এবং তার ব্যাপক প্রচারের বন্দোবস্ত করতে হবে।

ইতি ভবদীয়

(প্রশান্ত সর্বন)
চীফ জেনারেল ম্যানেজার ইন চার্জ